গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৫ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd

বিষয়: **সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আগস্ট ২০১৭'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : **মোঃ জিল্লার রহমান, সচিব,** সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার তারিখ ও সময় : **২২ আগস্ট ২০১৭, সকাল ১০.০০ টা।**
সভার স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ # ৩২৩, ভবন # ৬, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা: **পরিশিষ্ট-'ক'।**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৫ অধিশাখা) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুসারে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী প্রতিষ্ঠান/কর্মকর্তা
১	২	৩	৪	৫
১.	জুলাই-২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ	জুলাই-২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা হয়।	কোনরূপ সংশোধন/ সংযোজন না থাকায় জুলাই-২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।	অতিরিক্ত সচিব (সকল) ও সংস্থা প্রধানগণ, সকম।
২.	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০২ নভেম্বর ২০১৪ তারিখে সমাজকল্যাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদানকৃত নির্দেশনার অগ্রগতি পর্যালোচনা;	ক. মাননীয় প্রধানমন্ত্রীর পরিদর্শনকালে যে সমস্ত নির্দেশনা প্রদান করেছেন তার আলোকে জুলাই-২০১৭ মাসের অগ্রগতি প্রতিবেদন যথারীতি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।	ক. মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০২ নভেম্বর ২০১৪ তারিখে সমাজকল্যাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনাসমূহের হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে মাসের ১০ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	অতিরিক্ত সচিব (সকল), সকম ও সংস্থা প্রধানগণ এবং উপসচিব (প্রশাসন-৫ অধিশাখা), সকম।
		খ. 'দারিদ্র্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ' বিনির্মাণে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রণীত ধারণাপত্রের বিষয়ে সর্বশেষ গত ১২-০৬-২১৭ তারিখে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সমাজসেবা অধিদফতর হতে প্রণীত 'সমন্বিত ক্ষুদ্র ঋণ বিতরণ' সংক্রান্ত নীতিমালার 'খসড়া' উপস্থাপন করা হয় এবং ভৈরব ও হরিরামপুর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক গৃহীত কার্যক্রমের হালনাগাদ অগ্রগতি আলোচনা করা হয়। এ সভার আলোচনা ও সিদ্ধান্তের আলোকে 'সমন্বিত ক্ষুদ্র ঋণ বিতরণ' সংক্রান্ত নীতিমালার 'খসড়া' ১৫ কার্যদিবসের মধ্যে সংশোধনপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য মহাপরিচালক, সমাজসেবা অধিদফতরকে অনুরোধ করা হয় এবং নির্বাচিত দুটি গ্রামের সকল তথ্য সম্বলিত Base line survey এবং Data base তৈরীর কাজ জরুরিভিত্তিতে সম্পন্ন করে মন্ত্রণালয়কে	খ. 'দারিদ্র্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ' বিনির্মাণে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক চলমান কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।	অতিরিক্ত সচিব (কার্যক্রম), সহকারী সচিব, সকম।

		মানিকগঞ্জকে অনুরোধ করা হয়েছে মর্মে আলোচনা হয়।		
৩.	ডিজিটাল নথি ব্যবস্থাপনা;	মন্ত্রণালয়ের ডিজিটাল নথি ব্যবস্থাপনা কার্যক্রম চলমান রয়েছে। ৩১ জুলাই ২০১৭ পর্যন্ত ডাক গ্রহণ ১৭১টি, অনিষ্পন্ন ডাক ১১০টি, পত্র জারী ৫১টি, স্ব উদ্যোগে নোট ৪২টি, ডাক থেকে সৃজিত নোট ১৮টি। এছাড়া জুন মাসে ৩৬তম এবং জুলাই মাসে ১৫তম অবস্থানে সমাজকল্যাণ মন্ত্রণালয় রয়েছে।	মন্ত্রণালয়ের ডিজিটাল নথি ব্যবস্থাপনা কার্যক্রম চলমান রাখার নিমিত্ত প্রত্যেক ই-নথি আইডি ধারী সকাল ১০.০০ টার মধ্যে ই-নথিতে লগ ইন করবেন এবং প্রতিদিন অন্তত একটি পত্র ই-নথির মাধ্যমে জারি করতে হবে। একইসাথে এ বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন), সকম যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম।
৪.	জাতীয় শুদ্ধাচার কৌশল আলোকে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত;	ক. শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ে কর্মপরিকল্পনার ২০১৬-২০১৭ এর অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে মর্মে আলোচনা হয়।	ক. শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।	সংস্থা প্রধানগণ এবং যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), উপসচিব (গবেষণা, প্রকাশনা ও মূল্যায়ন) সকম।
		খ. বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের উদ্যোগে ''দক্ষ মানব সম্পদ সৃষ্টিতে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের আর্থিক সহায়তা: প্রেক্ষিতে সমন্বয় পরিষদ'' সংক্রান্ত কর্মশালার সুপারিশমালা প্রস্তুত করে ২২ জুন ২০১৭ তারিখে ৫০৭ সংখ্যক স্মারকে মন্ত্রণালয়ের প্রেরণ করা হয়েছে মর্মে আলোচনা হয়।	খ. বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের উদ্যোগে ''দক্ষ মানব সম্পদ সৃষ্টিতে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের আর্থিক সহায়তা: প্রেক্ষিতে সমন্বয় পরিষদ'' সংক্রান্ত কর্মশালার অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।	নির্বাহী সচিব, জাতীয় সমাজকল্যাণ পরিষদ।
		গ. শিশু বিধি প্রণয়ন করে ভেটিং এর জন্য গত ০৯.০৯.২০১৫ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়। পরবর্তী কার্যক্রমের জন্য অপেক্ষাধীন রয়েছে। কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা বিধি প্রণয়নের বিষয়ে অধিদফতর থেকে প্রস্তাব পাওয়া যায়নি। আটবার তাগিদ পত্র দেয়া হয়েছে। পিতা-মাতার ভরণ-পোষণ বিধি প্রণয়নের খসড়া আগস্ট-২০১৭ এর মধ্যে সমাজসেবা অধিদফতর হতে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। দি প্রবেশন অব অফেন্ডার্স অধ্যাদেশ ১৯৬০ রহিত করে নতুন আইন প্রণয়নের নিমিত্ত আইনের খসড়া সমাজসেবা অধিদফতরের স্মারক নং- ৫০ তারিখ: ২৭.০৭.২০১৬ যোগে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৬ এর খসড়া মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আইন প্রণয়নের ক্ষেত্রে ভাষাগত উৎকর্ষ সাধন, বিষয়গত যথার্থতা এবং সংশ্লিষ্ট অপরাপর আইনের সাথে সামঞ্জস্য সংগতি বিধানের লক্ষ্যে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির নিকট যাচাই-বাছাইয়ের জন্য প্রেরণ করা হয়েছে। আগামী ২২.০৮.২০১৭ তারিখ বেলা ২.৩০ টায় সংশ্লিষ্ট সভাটি অনুষ্ঠিত হবে।	গ. শিশু বিধি প্রণয়ণ, কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা বিধি প্রণয়ণ, পিতা-মাতার ভরণ-পোষণ বিধি প্রণয়ণ, প্রবেশন অব অফেন্ডারস্ অধ্যাদেশ, স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৬ এবং বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন ২০১৭ এর বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।	অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), সংস্থা প্রধানগণ ও উপসচিব (আইন, ও সংস্থা রেজি: অধিশাখা), সকম।

		বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন ২০১৭ এর প্রণীত খসড়ার উপর গত ১৮.০৭.২০১৭ তারিখ আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী প্রস্তুত করা হয়েছে।		
		ঘ. প্রতিবন্ধী বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনার খসড়া'র উপর ১৪টি বেসরকারি সংস্থার নিকট থেকে মতামত পাওয়া গেছে। উক্ত মতামত প্রদানকারী সংস্থা/ প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে ২৩.০৫.২০১৭ তারিখে ফাউন্ডেশন কার্যালয়ে মতবিনিময় সভা হয়েছে। তাদের সাথে আলোচনা ও প্রাপ্ত মতামতের উপর ভিত্তি করে জাতীয় কর্মপরিকল্পনার চূড়ান্ত খসড়া শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে মর্মে আলোচনা হয়।	ঘ. প্রতিবন্ধী বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনার খসড়া'র উপর যে সব সংস্থা থেকে মতামত পাওয়া গেছে তাদের নিয়ে সভা করে সিদ্ধান্ত গ্রহণ করে মন্ত্রণালয়কে জানাতে হবে এবং অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা), উপসচিব (প্রতিবন্ধিতা), সকম।
		ঙ. প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রস্তুতকৃত ডাটা বেইজ ব্যবহার ও প্রকাশ সংক্রান্ত নীতিমালা প্রণয়নের নিমিত্ত অধিদফতর পর্যায়ে ৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। সে অনুযায়ী খসড়া নীতিমালা প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে মর্মে আলোচনা হয়।	ঙ. প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রস্তুতকৃত ডাটা বেইজ ব্যবহার ও প্রকাশ সংক্রান্ত নীতিমালা দ্রুত প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।	মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর
৫.	সমাজসেবা অধিদফতর	**১ম শ্রেণির পদ:** উপপরিচালকের অনুমোদিত পদ ৮৭টি। পিআরএল জনিত উপপরিচালকের ৫টি পদ শূন্য রয়েছে। যা অতিসত্বর পূরণ করা হবে। *সহকারী পরিচালকের অনুমোদিত মোট পদ ১১২টি। বর্তমানের সহকারী পরিচালকের ২টি পদ শূন্য রয়েছে। যা অতিসত্বর পূরণ করা হবে। * সমাজসেবা অফিসার/সমমানের অনুমোদিত মোট পদ ৯৩৬টি। গত ১১.০৭.২০১৭ তারিখে ২০১জন-কে নিয়োগ প্রদান করা হয়। এ পর্যন্ত ১৭১ জন যোগদান করেছেন। ৩০জন এখনও যোগদান করেননি। বর্তমানে ১ম শ্রেণির মোট শূন্য পদ ১৫৩টি। ১৫৩টি পদের মধ্যে ২০% পদোন্নতি ও ১০% সংরক্ষণের বিধানমতে ৪৬টি পদ সংরক্ষণ করা হয়েছে। অবশিষ্ট শূন্যপদ (১৫৩-৪৬) = ১০৭টি পদের মধ্যে ৫০টি পদ সরাসরি নিয়োগের প্রস্তাব পাওয়া গেছে। প্রস্তাবটি পিএসসিতে প্রেরণের পরীক্ষা নিরীক্ষা করা হচ্ছে। পিএসসি ১জনকে পদোন্নতির সুপারিশ করেছে। অবশিষ্ট (১০৭-৫১) = ৫৬টি পদের মধ্যে পিএসসির চাহিদা মোতাবেক ৪জনের এসিআর ত্রুটি/বিচ্যুতি সংশোধনের জন্য অধিদফতরকে বলা হয়েছে। ১জনের বিরুদ্ধে বিভাগীয় মামলা ও ফৌজদারী মামলা থাকায় পিএসসি পদোন্নতির সুপারিশ করেনি। অবশিষ্ট (৫৬-০৫) = ৫১টি পদের প্রার্থী নিয়োগের নিমিত্ত মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের জন্য সমাজসেবা অধিদফতরকে বলা হয়েছে। **২য় শ্রেণির পদ: দ্বিতীয় শ্রেণির মোট অনুমোদিত পদ ২৩৪টি। বর্তমানে শূন্য পদ ১১৮টি।** ১১৮টি পদের মধ্যে ৮৮টি ৩৫তম বিসিএস থেকে নিয়োগের প্রস্তাব পিএসসিতে প্রেরণ করা হয়েছে। ২৩.০৭.২০১৭ তারিখে তাগিদ পত্র দেয়া হয়েছে। অবশিষ্ট (১১৮-৮৮)=৩০টি পদের মধ্যে নিয়োগবিধি অনুযায়ী ৩য় শ্রেণির	সমাজসেবা অধিদফতরের উপপরিচালকের ৫টি, সহকারী পরিচালকের ২টি, ১ম শ্রেণির ৫১টি এবং ২য় শ্রেণির ৩টি শূন্যপদের প্রস্তাব ৩১ আগস্ট ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের প্রেরণ করতে হবে এবং বিভিন্ন শ্রেণীর মোট পদ, শূন্যপদ এবং পদোন্নতি ও শূন্যপদ পূরণের হালনাগাদ তথ্যাদি আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।	মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর অতিরিক্ত সচিব (প্রশাসন) , সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৬ শাখা), সকম।

		তারিখে পিএসসিতে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট (৩০-২৭) = ৩ জনের নিয়োগের প্রস্তাব প্রেরণের জন্য সমাজসেবা অধিদফতরকে বলা হয়েছে। **৩য় শ্রেণি: তৃতীয় শ্রেণির মোট অনুমোদিত পদ ৬৩৯৫টি। বর্তমানে শূন্য পদ ১০৮৬টি।** ফিল্ড সুপার ভাইজার পদে ১৬৩ জন এবং সহকারী শিক্ষক পদে ১৫৮ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা গ্রহণ পূর্বক সরকারি বিধি-বিধান অনুসরণ করে ফিল্ড সুপার ভাইজার পদে ১৯ জন এবং সহকারী শিক্ষক পদে ১৯ জনসহ মোট ৩৮ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে। ফিল্ড সুপার ভাইজার পদে ০৩ জনকে মুক্তিযোদ্ধা কোটার নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে। মুক্তিযোদ্ধা সনদ প্রত্যয়নের পর উক্ত ০৩ জনের নিয়োগ আদেশ জারী করা হবে। তাছাড়া প্রার্থী না পাওয়ায় ফিল্ড সুপার ভাইজার পদে ০৪ টি ও সহকারী শিক্ষক পদে ০৮ টিসহ সর্বমোট ১২ টি পদ মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষণ করা হয়েছে। এছাড়া বিভিন্ন ক্যাটাগরীর ৮৪টি পদে নিয়োগের লক্ষ্যে দৈনিক যুগান্তর ও বাংলাদেশ প্রতিদিন সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। অবশিষ্ট পদগুলো সরকারী বিধি-বিধান অনুযায়ী সরাসরি ও পদোন্নতি পন্থায় নিয়োগ প্রদান করা হবে। **৪র্থ শ্রেণি: চতুর্থ শ্রেণির মোট অনুমোদিত পদ ৪২০৯টি। বর্তমানে শূন্য পদ ২২২টি।** বিভিন্ন ক্যাটাগরীর ২২২টি পদে নিয়োগের লক্ষ্যে দৈনিক যুগান্তর ও বাংলাদেশ প্রতিদিন সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। শূন্য পদসমূহ সরকারী বিধি-বিধান অনুযায়ী সরাসরি ও পদোন্নতি পন্থায় নিয়োগ প্রদান করা হবে মর্মে আলোচনা হয়	**৩য় ও ৪র্থ শ্রেণি** সমাজসেবা অধিদফতরের ৩য় ও ৪র্থ শ্রেণির মোট পদ, শূন্যপদ ও পদোন্নতি ও শূন্যপদ পূরণের হালনাগাদ তথ্যাদি আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।	মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর।
৬.	বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ	বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নিজস্ব জমিতে বহুতল বিশিষ্ট (১৫তলা) ''সমাজকল্যাণ ভবন'' নির্মাণের প্রাথমিক নকশা সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রতিস্বাক্ষরিত হয়েছে। উক্ত প্রতিস্বাক্ষরিত স্থাপত্য নকশার ০১(এক) সেট ডিপিপি প্রস্তুত এবং কাঠামোগত নকশা প্রণয়ন ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর স্থাপত্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক ০৬-০৮-২০১৭ তারিখের ১৩১৩/১(৪) সংখ্যক স্মারকে প্রধান প্রকৌশলী, গণপুর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করা হয়েছে মর্মে আলোচনা হয়।	বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নিজস্ব জমিতে ''সমাজকল্যাণ ভবন'' নিমার্ণের অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।	নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ।
৭.	জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন	প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের কার্যক্রম থার্ড পার্টি দ্বারা সমীক্ষা করে প্রতিবেদন ০৩ এপ্রিল ২০১৭ তারিখ ৪১.০২.০০০০.০২০.০১১.১১.১০৬.২০১১-৪৩৮ সংখ্যক স্মারকে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। মন্ত্রণালয় হতে এ বিষয়ে পুনরায় মতামত চাওয়া হলে তা প্রস্তুত করে গত ২২.০৫.২০১৭ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের কার্যক্রম থার্ড পার্টি দ্বারা সমীক্ষা করার বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন।
৮.	শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ)	মিরপুরস্থ আল-নাহিয়ান উচ্চ বিদ্যালয়টিকে লাভজনক করার বিষয়ে বিস্তারিত কার্যক্রম গ্রহণের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (কার্যক্রম) খন্দকার আতিয়ার রহমান এবং সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৬) খ. ম. কবিরুল ইসলাম-কে দায়িত্ব প্রাদন করা হয়। বিদ্যালয়টি কিভাবে লাভজনক করা যায় সে বিষয়ে প্রতিবেদন জমা দেওয়া হয়েছে।আগামীতে ট্রাষ্টি বোর্ডের সভায় আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে মর্মে সভায় জানানো হয়।	এ বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।	নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ)।
৯.	শারীরিক প্রতিবন্ধী	[illegible]		

			প্রেরণ করতে হবে।	উপসচিব (সানিশা)
	ঘ.সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থদের জন্য করণীয় সংক্রান্ত;	ঘ. সমাজকল্যান মন্ত্রণালয় এবং দপ্তর সংস্থার সকল প্রকার কর্মকর্তা-কর্মচারীদের এক দিনের বেতনের সমপরিমাণ অর্থ মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে প্রদান করা হবে মর্মে আলোচনা হয়।	ঘ.সমাজকল্যান মন্ত্রণালয় এবং দপ্তর সংস্থার সকল কর্মকর্তা কর্মচারীদের এক দিনের বেতনের সমপরিমাণ অর্থ মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে আগামী ২৫ আগস্ট ২০১৭ তারিখের মধ্যে প্রদান করা হবে।	অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), সকম; নির্বাহী সচিব বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ও উপসচিব (আইন ও সংস্থা), সকম।
	ঙ. বন্যা ও নদী ভাঙ্গান এলাকার জন্য এ মন্ত্রণালয়ের বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে অনুদান প্রদান সংক্রান্ত;	ঙ. সমাজকল্যান পরিষদের মাধ্যমে প্রদানকৃত আর্থিক অনুদান সমূহ অন্যান্য জেলার তুলনায় বন্যা দুর্গত এবং নদী ভাঙন কবলিত জেলাগুলোতে ৩০% বর্ধিত হারে প্রদান করা হবে মর্মে আলোচনা হয়।	ঙ. সমাজকল্যান পরিষদের মাধ্যমে প্রদানকৃত আর্থিক অনুদান সমূহ অন্যান্য জেলার তুলনায় বন্যা দুর্গত এবং নদী ভাঙন কবলিত জেলাগুলোতে ৩০% বর্ধিত হারে প্রদান করা হবে। সমাজকল্যান পরিষদের মাধ্যমে প্রদানকৃত আর্থিক অনুদান সমূহ সঠিক ভাবে বন্টনের নিমিত্ত সংশ্লিষ্ট উপজেলার, উপজেলা নির্বাহী অফিসার, পি.আই.ও এবং সমাজসেবা কর্মকর্তার সমন্বয়ে কমিটি গঠিত হবে ।এ বিষয়ে তদারকির জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপসচিব জনাব. মোঃ আবু মাসুদ, ড. মো. আবুল হোসেন এবং জনাব মোহাম্মদ নুরুল ইসলাম এর সমন্বয়ে তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।	অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), সকম; নির্বাহী সচিব বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ও উপসচিব (আইন ও সংস্থা), সকম।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

সাক্ষরিত/২৮/০৮/২০১৭খ্রীঃ

মোঃ জিল্লার রহমান
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়।

		পাইলট কার্যক্রম চলছে। অন্যান্য বিভাগে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। একইসাথে মৈত্রী শিল্পের ক্রমবর্ধমান উৎপাদন বৃদ্ধির সাথে বিপণন কার্যক্রম জোরদারের লক্ষ্যে তারকাদের সমন্বয়ে বিজ্ঞাপন তৈরি এবং প্রচার করার কাজ প্রক্রিয়াধীন আছে।	প্রচারের বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।	মৈত্রী শিল্প।
১০.	নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট	দেশের অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাস্থ্য ও জীবন ঝুঁকি হ্রাস কল্পে তাদেরকে স্বাস্থ্য ও গ্রুপ বীমার আওতায় আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জীবন বীমা কর্পোরেশনের বিদ্যমান পলিসিতে এ ধরণের প্রতিবন্ধী ব্যক্তিদের বীমা করণের বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা না থাকায় জীবন বীমা কর্পোরেশন কর্তৃপক্ষের নীতি নির্ধারণী পর্যায়ে এনডিডি ব্যক্তিদের বীমাকরণের বিষয়টি বিবেচনাধীন রয়েছে। জীবন বীমা কর্পোরেশনের সঙ্গে এ বিষয়ে যোগাযোগ রক্ষা করা হচ্ছে। এ ছাড়া বিভিন্ন বীমা কোম্পানির সঙ্গে এ বিষয়ে যোগাযোগ করা হচ্ছে। ৫টি বীমা কোম্পানির সঙ্গে এ বিষয়ে আলোচনা হয়েছে। তাদের নিকট থেকে এনডিডি ব্যক্তিদের বীমাকরণের পলিসি বিষয়ক প্রস্তাব পাওয়ার পর পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।	দেশের অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাস্থ্য ও জীবন ঝুঁকি হ্রাস কল্পে তাদেরকে স্বাস্থ্য ও গ্রুপ বীমার আওতায় আনার বিষয়ে অগ্রগতি তদারকির জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন)-কে দায়িত্ব প্রদান করা হয়। একইসাথে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট।
১১.	**বিবিধ**			
	ক. অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ক;	ক. জুলাই ২০১৭ পর্যন্ত সমাজকল্যান মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার সর্বমোট ১০১৫টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। যাতে জড়িত অর্থের পরিমাণ ৯৭,৯৮,৭০,৫৯০/- টাকা। **সমাজকল্যাণ মন্ত্রনালয়:** সমাজকল্যাণ মন্ত্রণালয়ে জুলাই ২০১৭ পর্যন্ত ১২টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। এর মধ্যে ০৯ টি অডিট আপত্তির ব্রডশীট জবাব স্থানীয় ও রাজস্ব অডিট অধিদফতরে নিষ্পত্তির জন্য প্রেরণ করা হয়েছে। **সমাজসেবা অধিদফতর:** সমাজসেবা অধিদফতরে জুলাই ২০১৭ পর্যন্ত ৯৪৩টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। জুলাই-২০১৭ মাসে গাজীপুর জেলায় ০৩(তিন)টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। কিশোর উন্নয়ন কেন্দ্র, টঙ্গী, গাজীপুরের ০১ টি অগ্রিম অনুচ্ছেদ এ জবাব প্রেরণ করা হয়েছে। **জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন:** জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন জুলাই-২০১৭ পর্যন্ত ৩৯টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। দ্বিপক্ষীয় সভা আহ্বানের লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদফতরে পত্র প্রেরণ করা হয়েছে।	গ. মন্ত্রণালয় এবং এর অধীন দফতর/সংস্থাসমূহে একটি করে অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করতে হবে। কমিটি প্রতি মাসে সভা করে অডিট আপত্তি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং এ বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।	সংস্থা প্রধান ও যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম।
	খ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত;	খ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের জুলাই ২০১৭ মাসের মাসিক প্রতিবেদন মাহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ প্রক্রিয়াধীন রয়েছে।	খ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের অগ্রগতি আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৫ শাখায় প্রেরণ করতে হবে।	মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, অতিরিক্ত সচিব (কার্যক্রম),উপসচিব (কর্মসূচি-১), সকম।
	গ.হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি সংক্রান্ত;	গ. হিজড়া জনগোষ্ঠীকে আবাসনের মাধ্যমে পুনর্বাসনের জন্য ১০টি জেলার জেলা প্রশাকগণকে দু একর জমি অধিগ্রহণের জন্য অধিদফতরের স্মারক নং- ৬০ তারিখ:	গ. হিজড়া জনগোষ্ঠীকে আবাসনের বিষয়ে অগ্রগতি প্রতিবেদন আগামী সমন্বয়	মহাপরিচালক, সমাজসেবা

স্মারক: ৪১.০০.০০০০.০৩৩.০৬.০২৯.১৬.৩৫৩

১৩ ভাদ্র ১৪২৪
২৮ আগস্ট ২০১৭

বিতরণ: সদয় কার্যার্থে-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন/প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা/প্রশাসন/কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা।
৪. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ১৩২ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০।
৫. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপেমন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, সমাজসেবা অধিদফতর (১০ম তলা), আগারগাঁও, ঢাকা।
৬. যুগ্মসচিব (বাজেট ও আইটি/প্রতিষ্ঠান অধিশাখা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা।
৮. পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৯. নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, স্টেশন রোড, টংগী, গাজীপুর।
১০. উপসচিব (প্রশাসন-১/প্রশাসন-২/প্রশাসন-৩/প্রশাসন-৫অধিশাখা/প্রশাসন-৬ শাখা/প্রশাসন-৭ অধিশাখা/আইন ও সংস্থা অধিশাখা/প্রতিবন্ধিতা বিষয়ক শাখা/প্রতিষ্ঠান অধিশাখা/প্রকাশনা গবেশনা ও মূল্যায়ন/কার্যক্রম/এনডিডি ও অটিজম অধিশাখা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. উপপ্রধান (পরিকল্পনা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (প্র.-১/৩/কর্মসূচি-১/অডিট), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. মো.আব্দুস ছালাম,প্রশাসনিক কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। **(তাকে আগষ্ট ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**

*** সংশিস্নষ্ট সকলকে ১৪ সেপ্টেম্বর ২০১৭ এর মধ্যে সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রম ও অগ্রগতি প্রতিবেদন প্রশাসন-৫ অধিশাখায় প্রেরণ করার নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**

২৮/৮/১৭

জি.এম. আকিকচি হোসেন
উপসচিব (প্রশাসন-৫ শাখা)
ফোন: ৯৫১৫৫৩৪
E-mail: parliament_mosw@yahoo.com

জ্ঞাতার্থে

১। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।